



জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর ২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্ভাবন



NILG Management Information System (MIS)

(একটি সফটওয়্যারের মাধ্যমে এনআইএলজি'র বিভিন্ন কার্যক্রমসহ মাঠ পর্যায়ে সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য প্রাপ্তির ব্যবস্থা)

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) স্থানীয় সরকার বিভাগের একমাত্র প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান। ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে অদ্যাবধি স্থানীয় সরকারের সকল পর্যায়ে নির্বাচিত জনপ্রতিনিধি এবং এ সকল প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য এনআইএলজি প্রশিক্ষণ প্রদান করে আসছে। পাশাপাশি বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পরিচালনার মাধ্যমে সরকারকে পরামর্শ প্রদান করছে। বাংলাদেশে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে প্রায় ১,২৭,০০০ জন জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন। এদের মধ্যে প্রায় ৬৬,৫০০ জন নির্বাচিত জনপ্রতিনিধি এবং প্রায় ৬০,৫০০ জন নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী। এনআইএলজি এ সকল জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাতিষ্ঠানিক, ব্যক্তিগত, প্রশিক্ষণ ও নির্বাচিত হওয়ার বিভিন্ন তথ্য সহজে প্রাপ্তির সুবিধার্থে একটি ডাটা ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরী করেছে। সফটওয়্যারটি উল্লিখিত সুবিধার পাশাপাশি এনআইএলজি'র সকল শাখার কার্যক্রমে সহায়ক ভূমিকা পালন করবে। এটি NILG Management Information System (MIS) নামে অভিহিত। প্রাথমিক পর্যায়ে ডাটা ম্যানেজমেন্টের সুবিধার্থে পাইলটিং হিসাবে বাংলাদেশের ঐতিহ্যবাহী জেলা মেহেরপুরে কার্যক্রম শেষ হয়েছে। দেশব্যাপি এটি সম্প্রসারণের কার্যক্রম চলমান রয়েছে। সফটওয়্যারটির মাধ্যমে আরও যেসব সেবা পাওয়া যাচ্ছে তা নিম্নে উল্লেখ করা হলো:

মন্ত্রণালয়সহ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যেসব সুবিধা পাচ্ছে

- ❖ বিভাগ ও জেলার মোট জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা, পদবি ও শিক্ষাগত যোগ্যতা ভিত্তিক রিপোর্ট;
- ❖ নারী ও পুরুষ জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের সংখ্যা ভিত্তিক রিপোর্ট;
- ❖ জেলা পরিষদ, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ভিত্তিক আলাদা আলাদা রিপোর্ট;

এনআইএলজি যে সব সুবিধা পাচ্ছে

- ❖ অনলাইন প্রশিক্ষার্থী নিবন্ধন;
- ❖ প্রশিক্ষণ সূচি তৈরি;
- ❖ প্রশিক্ষার্থীদের প্রদেয় টিএ/ডিএ ও প্রশিক্ষণ ভাতার মাস্টাররোল স্বয়ংক্রিয়ভাবে তৈরি;
- ❖ প্রশিক্ষার্থীদের হাজিরা শীট ও সনদ স্বয়ংক্রিয়ভাবে তৈরি;
- ❖ প্রশিক্ষকের সম্মানী ভাতা শীট তৈরি;
- ❖ প্রশিক্ষকগণের বিস্তারিত তথ্যসহ তালিকা তৈরী (Resources Pool);
- ❖ কোর্স পরিচালক ও সমন্বয়করণ কর্তৃক তাদের দ্বারা বাস্তবায়িত কোর্সের তালিকা সংক্রান্ত রিপোর্ট তৈরী;
- ❖ প্রশিক্ষক ও কোর্স মূল্যায়ন রিপোর্ট তৈরী;
- ❖ প্রশিক্ষণের মাসিক, বার্ষিক এবং প্রয়োজন অনুযায়ী রিপোর্ট তৈরি;
- ❖ এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটি, পদোন্নতি, প্রশিক্ষণ, ব্যক্তিগত তথ্য, শিক্ষা, বয়স, পদ-পদবী ইত্যাদি ভিত্তিক রিপোর্ট তৈরি;
- ❖ সকল তথ্য কাগজ ছাড়াই এ সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষিত থাকবে।

মাঠ পর্যায়ে সফটওয়্যারটির ব্যবহার

- ❖ মেহেরপুর জেলার সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সচিব ও কম্পিউটার অপারেটরগণের সমন্বয়ে জেলা পর্যায়ে এমআইএস সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল জনপ্রতিনিধি, কর্মকর্তা এবং কর্মচারীর ডাটা সহজেই এন্ট্রি করা সম্ভব হচ্ছে।
- ❖ উক্ত জেলার উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) ও উপজেলা নির্বাহী অফিসারগণকে আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে যার মাধ্যমে তাঁরা সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করতে পারছেন।
- ❖ ডাটা এন্ট্রিকালিন যে কোন সমস্যা সমাধানের জন্য এনআইএলজি'তে সরাসরি যোগাযোগ করার ব্যবস্থা রয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা

সফটওয়্যারটি ডাইনামিক হওয়ায় প্রতিষ্ঠানের চাহিদার আলোকে যে কোন ধরনের পরিবর্তন, সংশোধন ও সংযোজনের মাধ্যমে সহজেই হালনাগাদ করার সুযোগ রয়েছে। যে কোন ইউজার যে কোন কম্পিউটারে বসে তার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ব্যক্তিগত তথ্য প্রিন্ট করতে পারবেন। মেয়াদ শেষে জনপ্রতিনিধি পরিবর্তন হলে পূর্বের ডাটা সংরক্ষিত থাকবে। কর্মচারীগণের প্রতিষ্ঠান পরিবর্তনের ক্ষেত্রে পূর্বের তথ্য সংরক্ষিত থাকবে। ২০১৯-২০২০ অর্থ বছরে সফটওয়্যারটিতে এনআইএলজি'র সকল ডকুমেন্ট আর্কাইভকরণ, হোস্টেল, স্টোর এবং হিসাব ব্যবস্থাপনাসহ একটি মোবাইল অ্যাপস যুক্ত করার পরিকল্পনা রয়েছে। দেশব্যাপি বাস্তবায়িত হলে এর মাধ্যমে বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের হালনাগাদ তথ্য সরবরাহ এনআইএলজি'র পক্ষে সহজতর হবে।